গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০২. ২০১৫- ১৮৮৫ তারিখঃ ১৬ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
৩১ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্হার সেবাসমূহ ই-সার্ভিসে রুপান্তরের লক্ষ্যে করণীয় নির্ধারণ।

সূত্রঃ ০৪.০০.০০০০.৮৩১.৬৬.০০৩.১৭.২৮২ তারিখঃ ১৮/১০/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্হ স্মারকের প্রেক্ষিতে মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্হার সেবাসমূহ ই-সার্ভিসে রুপান্তরের লক্ষ্যে করণীয় নির্ধারণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রটি এতদ্‌সংগে প্রেরণ করা হল। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(মোঃ জাহিদ হোসেন)
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: **lgadmin1@lgd.gov.bd**

বিতরণঃ

১। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
২। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

দপ্তর/সংস্থাঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্হানীয় সরকার বিভাগ।
৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/খুলনা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/গাজীপুর/রংপুর সিটি কর্পোরেশন।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর।

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্ম-সচিব
১) প্রশাসন
২) উন্নয়ন
৩) নগর উন্নয়ন
৪) পাস
৫) আইন
নম্বরঃ ২৮২
তারিখঃ ২৮/১০/১৭
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স-১ শাখা
cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.৬৬.০০৩.১৭.২৮২

তারিখ: ৩ কার্তিক ১৪২৪
১৮ অক্টোবর ২০১৭

বিষয়: **মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সেবাসমূহ ই-সার্ভিসে রূপান্তরের লক্ষ্যে করণীয় নির্ধারণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তর/সংস্থাসমূহ তাদের সেবাসমূহকে অধিকতর সেবামুখী, জনবান্ধব, সহজ ও কার্যকরী করার লক্ষ্যে প্রথাগত বর্তমান সেবাদান পদ্ধতি থেকে ই-সার্ভিসে রূপান্তরের উদ্যোগ গ্রহণ করেছে। এ লক্ষ্যে ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে এটুআই প্রোগ্রামের উদ্যোগে ৭টি ব্যাচে ৪৮টি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের ১৫০ জন কর্মকর্তা "ই-সার্ভিস রোডম্যাপ ২০২১" শীর্ষক পরিকল্পনা প্রনয়ণ কর্মশালায় অংশগ্রহণ করেছেন এবং সংশ্লিষ্ট দপ্তরসমূহের ৮০৯টি সেবাকে বিশ্লেষণপূর্বক ২২৩ টি ই-সার্ভিস সফলতার সাথে বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করতে সক্ষম হয়েছেন। যা পরবর্তীতে সংশ্লিষ্ট দপ্তরের প্রধান কর্তৃক যাচাই বাছাইক্রমে অনুমোদন পূর্বক চূড়ান্ত করা হয়েছে। অপরদিকে, রোডম্যাপ কর্মশালা হতে অগ্রাধিকারের ভিত্তিতে প্রাপ্ত ১ অথবা ২ নং ই-সার্ভিসটি দ্রুততম সময়ে বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে "ই-সার্ভিস ডিজাইন ও পরিকল্পনা" শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা চলমান রয়েছে। ইতোমধ্যে ৭টি ব্যাচে ৩৪টি অধিদপ্তরের ১৭০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ দেয়া হয়েছে, যার মাধ্যমে সেবা প্রদানকারী দপ্তরসমূহ তাদের অধিকতর জনবান্ধব সেবাসমূহকে ই-সার্ভিস ডিজাইন ও বাস্তবায়ন করতে সক্ষম হচ্ছে।

২। এরই ধারাবাহিকতায় ১৪ সেপ্টেম্বর ২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিতে মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর ভিত্তিক বাৎসরিক ই-সার্ভিস রোডম্যাপ কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি এবং পরবর্তী করণীয় নির্ধারণের লক্ষ্যে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মন্ত্রিপরিষদ সচিব মহোদয় দ্রুত ই-সার্ভিস বাস্তবায়নের প্রথম ধাপ হিসেবে সকল দপ্তরের প্রধানকে "ই-সার্ভিস রোডম্যাপ ২০২১" কর্মশালায় অংশগ্রহণ করে ই-সার্ভিস বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব মহোদয়গণকে এ ব্যাপারে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ করেন।

৩। এমতাবস্থায়, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের সেবাসমূহ ই-সার্ভিসে রূপান্তরের লক্ষ্যে নিম্নরূপ পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

ক) মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তরসমূহের জন্য এটুআই প্রোগ্রাম কর্তৃক আয়োজিত "ই-সার্ভিস রোডম্যাপ ২০২১" কর্মশালায় অংশগ্রহণ, কর্মশালার সমাপনীতে দপ্তর প্রধানের উপস্থিতি নিশ্চিত করা এবং দপ্তরের রোডম্যাপ পরিকল্পনা যথাসময়ে সম্পন্নপূর্বক সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব বরাবর উপস্থাপন;

খ) ই-সার্ভিস রোডম্যাপ পরিকল্পনা হতে প্রাপ্ত ই-সার্ভিসগুলো দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে এটুআই প্রোগ্রাম কর্তৃক দপ্তর প্রধানগণের জন্য আয়োজিত "ই-সার্ভিসবাস্তবায়নে দপ্তর প্রধানগণের নেতৃত্ব"শীর্ষক কর্মশালায় অংশগ্রহণ;

গ) মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট দপ্তরসমূহের দ্রুত ই-সার্ভিস বাস্তবায়ন কার্যক্রমকে জোরদার ও বেগবান করা এবং পরবর্তী কর্মপরিকল্পনা বিষয়ে আলোচনার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাসিক সমন্বয় সভায় এটুআই প্রোগ্রামের সংশ্লিষ্ট প্রতিনিধিদের উপস্থাপনার ব্যবস্থা গ্রহণ; এবং

ঘ) এ বিষয়ে যে কোন তথ্যের জন্য জনাব ফরহাদ জাহিদ শেখ, ইনোভেশান বিশেষজ্ঞ, এটুআই প্রোগ্রাম, (ফোন: ০১৭১১৬১৮৩৬৮,ইমেইল:forhadzahid@gmail.com, forhadzahid@a2i.pmo.gov.bd)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

যুগ্ম-সচিব (প্রঃ) এর দপ্তর
স্থানীয় সরকার বিভাগ
স্মারক নং ৩০৫৪
তারিখ: ৩০/১০/১৭
স্বাক্ষর
যুগ্ম-সচিব (প্রশাসন)
শাখা ... প্রশাসন-১/২/ জেপ

তারিখ
প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো
অতিরিক্ত সচিব (প্রঃ)
স্থানীয় সরকার বিভাগ

১৮-১০-২০১৭
মোঃ শাহগীর আলম

সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৮৩৯৫
ফ্যাক্স: ৯৫১৩৩০২
ইমেইল: eg_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.৬৬.০০৩.১৭.২৮২/১(৫)

তারিখ: ৩ কার্তিক ১৪২৪
১৮ অক্টোবর ২০১৭

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম
২) অতিরিক্ত সচিব, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ
৩) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ
৪) সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), মন্ত্রিপরিষদ বিভাগ
৫) আইটি ম্যানেজার, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম

১৮-১০-২০১৭
মোঃ শাহগীর আলম
সিনিয়র সহকারী সচিব